৭৫

দৈনিক সংবাদ

তারিখ 20 SEP 1998
পৃষ্ঠা ১ কলাম ২

## সই জাল করে বদলি শিক্ষিকা সাসপেন্ড

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের একজন সিনিয়র সহকারী সচিবের সই জাল করে বদলির সুপারিশপত্র তৈরির ঘটনা ধরা পড়েছে।

মতলব থানায় ২৭ নম্বর খাগুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা রাশিদা আক্তার ঐ কর্মকর্তার সই জাল করেছেন। জালিয়াতির অভিযোগে ইতোমধ্যেই তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

গতকাল শনিবার চাঁদপুর জেলা দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক মোঃ জাহাঙ্গীর আলম বাদি হয়ে রমনা থানায় একটি মামলা দায়ের করেছেন (মামলা নম্বর ঃ ১০০)।

রাশিদা আক্তার গত বছরের মার্চ মাসে তার কর্মস্থল ২৭ নম্বর খাগুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে ঢাকায় বদলি হওয়ার জন্য শিক্ষামন্ত্রী ও প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ বরাবর আবেদন করেন।

শিক্ষিকা ঃ পৃঃ ৭ কঃ ১

## শিক্ষিকা ঃ সাসপেন্ড

( ১ম পৃষ্ঠার পর )

ওই আবেদনপত্রের সাথে তিনি সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) রোকসানা ফেরদৌসির সই করা একটি সুপারিশপত্র সংযুক্ত করেন। কিন্তু তদন্তে ধরা পড়ে রোকসানা ফেরদৌসি ওই সুপারিশপত্র তাকে দেননি।

রাশিদা আক্তরা ঢাকায় চাকরিরত তার স্বামীর কর্মস্থলে বদলি হওয়ার জন্য তার সই জাল করে ভুয়া সুপারিশপত্র তৈরি করেছেন বলে এজাহারে উল্লেখ করা হয়েছে।